বাংলাদেশ পাটকল করপোরেশন
BANGLADESH JUTE MILLS CORPORATION

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৪.৪২.০০৪.১৯- ৬০৭

তারিখ: ২১ কার্তিক, ১৪২৯
৬ নভেম্বর, ২০২২

**সভার নোটিশ**

আগামী ১০/১১/২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ৯.০০ টায় বিজেএমসি'র সম্মেলন কক্ষে আওতাধীন মিলসমূহের প্রকল্প প্রধানগণের সাথে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মহোদয় উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিজেএমসি'র মহাব্যবস্থাপকগণ, আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও)গণ, মিলসমূহের প্রকল্প প্রধানগণ, বিজেএমসি'র আইন উপদেষ্টা, ব্যবস্থাপক (বোর্ড এন্ড কোং) ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। সভার আলোচ্য সূচি:

(ক) মিল লিজ সংক্রান্ত আলোচনা;
(খ) শ্রমিক/কর্মচারিদের পাওনা পরিশোধ সংক্রান্ত আলোচনা;
(গ) নিরীক্ষা আপত্তি সংক্রান্ত আলোচনা;
(ঘ) স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রি সংক্রান্ত আলোচনা;
(ঙ) মামলা সংক্রান্ত আলোচনা;
(চ) বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় সংক্রান্ত আলোচনা;
(ছ) মিলের সার্বিক নিরাপত্তা সংক্রান্ত আলোচনা;
(জ) বিবিধ।

০৩। আগামী ০৮/১১/২০২২ তারিখ বেলা ১২.০০ টার মধ্যে উল্লিখিত সভায় আলোচনার জন্য কোন এজেন্ডা থাকলে তা এবং সর্বশেষ অনুষ্ঠিত প্রকল্প প্রধান সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এর সফটকপি নিকোশ ফন্টে লিখে মূল ওয়ার্ড ফাইলটি admnbjmc@gmail.com এই ঠিকানায় এবং হার্ডকপি **(পিডিএফকৃত)** সরাসরি বিজেএমসির প্রশাসন বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক সর্বশেষ অনুষ্ঠিত প্রকল্প প্রধান সমন্বয় সভার কার্যবিবরনী-১ (এক) সেট।

০৬.১১.২০২২
(মোঃ নাসিমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পরিচালক (গবেষণা ও মান নিয়ন্ত্রণ), বিজেএমসি, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক (সকল), বিজেএমসি, ঢাকা।
৪। আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা, বিজেএমসি ঢাকা/ চট্টগ্রাম/খুলনা অঞ্চল।
৫। প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল।
৬। আইন উপদেষ্টা, বিজেএমসি, ঢাকা।
৭। ব্যবস্থাপক, (বোর্ড এন্ড কোং)/(প্রশাসন-১), বিজেএমসি, ঢাকা।
৮। ব্যবস্থাপক, সাধারণ সেবা শাখা, বিজেএমসি, ঢাকা-আসন বিন্যাস, মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার এবং আপ্যায়নের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
১০। পিএস টু পরিচালক (উৎপাদন ও পাট)/(বিপণন)/(অর্থ)/(বিপণন), বিজেএমসি, ঢাকা।
১১। অফিস কপি/মাষ্টার নথি।

ADAMJEE COURT
MOTIJHEEL C/A
DHAKA-1000
BANGLADESH

PHONES : 880-2-9558182-6
: 880-2-9558192-6
FAX : 880-2-9564740
880-2-9567508

E-mail : bjmc.bd@gmail.com
Web : www.bjmc.gov.bd

বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা।

| | |
|---|---|
| সভাপতি: | ড. মোঃ গোলাম কবীর, চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্বে) |
| সভার তারিখ: | ১৫ নভেম্বর, ২০২২ খ্রিঃ। |
| সভার সময়: | বেলা ৯:০০ ঘটিকা। |
| স্থান: | বিজেএমসি'র সম্মেলন কক্ষ (৭ম তলা), প্রধান কার্যালয়, বিজেএমসি, ঢাকা |
| উপস্থিতি: | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভার শুরুতেই সভাপতি প্রধান অতিথি হিসেবে সভায় উপস্থিত থাকার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে বিজেএমসি'র পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অত:পর সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভার শুরুতেই সভাপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত সচিব মহোদয়কে বিজেএমসি'র বিদ্যমান পরিস্থিতিতে করণীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদানের জন্য সবিনয় অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সচিব মহোদয় বলেন, বিজেএমসি ও মিলের কাজকর্মের সার্বিক সমন্বয়, পরিবর্তিত পরিস্থিতিতে বিদ্যমান সমস্যাসমূহ ও তা সমাধানের দৃশ্যমান চ্যালেঞ্জ মোকাবেলায় সবাইকে সচেষ্ট থাকতে হবে। আজকের কাজ আগামী দিনের জন্য ফেলে রাখা যাবে না। তিনি বলেন বিজেএমসিকে মনেপ্রাণে ধারণ করায় এর প্রতিটি কাজের প্রতি তিনি বিশেষ নজর রাখেন। বিজেএমসিতে বর্তমানে নিয়মিত চেয়ারম্যান ও পরিচালনা পর্ষদ না থাকায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলোতে বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণের পরামর্শ প্রদান করেন। মিলের ইজারা কাযর্ক্রম, স্ক্র্যাপ, ভান্ডার মালামাল বিক্রি, মেশিনারিজ অপসারণ, নিরাপত্তা, জমি-জমার রেকর্ড সংরক্ষণ ইত্যাদি বিষয়ে তিনি প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

সভাপতি সভাকে অবহিত করেন যে, সরকারি সিদ্ধান্ত মোতাবেক বিজেএমসি'র বন্ধকৃত মিলগুলো লিজ প্রদানের কাযর্ক্রম গ্রহণ করা হয়। এর ধারাবাহিকতায় প্রথম দফায় ৫টি মিলের সিদ্ধান্ত হলেও ২টি মিল (১) বাংলাদেশ জুট মিলস্ লিঃ, (২) কে.এফ.ডি. জুট মিলস্ লিঃ এর লিজ চুক্তি সম্পাদন করা হয়েছে এবং লিজ গ্রহীতা কর্তৃক পুনঃ চালু করা হয়েছে। ২য় দফায় ৭টি মিল (১) জাতীয় জুট মিলস্ লিঃ, (২) আর. আর. জুট মিলস্ লিঃ, (৩) এম.এম. জুট মিলস্ লিঃ, (৪) প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ (৫) গুল আহমদ জুট মিলস লিঃ (৬) দৌলতপুর জুট মিলস লিঃ এবং (৭) জেজেআই লিঃ লিজ প্রদানের সিদ্ধান্ত পাওয়া গেলেও এর মধ্যে ৩টি মিলের লিজ চুক্তি স্বাক্ষর হয়েছে এবং ১টি মিলের চুক্তি স্বাক্ষর প্রক্রিয়াধীন আছে। তৃতীয় দফায় ১১টি জুট মিল ও ২টি নন জুট মিল লিজ প্রদানের লক্ষ্যে EoI বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। EoI দাখিলের শেষ তারিখ ৭ ডিসেম্বর, ২০২২ খ্রীঃ।

সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা) বিগত সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভায় উপস্থিত প্রকল্প প্রধানগণ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন পর্যায়ে এজেন্ডা ভিত্তিক যথা: মিল ইজারা, স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রি, কর্মকর্তা-কর্মচারিদের পাওনাদি ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে স্ব-স্ব মিলের অগ্রগতি তুলে ধরেন। সভায় উপস্থিত বিজেএমসি'র মহাব্যবস্থাপকগণ, সংশ্লিষ্ট বিভাগের প্রধানগণ গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | মিল ইজারা সংক্রান্ত আলোচনা | মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা) সভাকে জানান যে, প্রথম দফায় ০৫টি মিল ইজারা প্রদানের সরকারি সিদ্ধান্ত হলেও ২টি মিল (১) বাংলাদেশ জুট মিলস্ লিঃ, (২) কে.এফ.ডি. জুট মিলস্ লিঃ ইজারা প্রদানের লক্ষ্যে চুক্তি সম্পাদন করা হয়েছে এবং মিল দুইটি ইজারা গ্রহীতা কর্তৃক পুনঃ চালু করা হয়েছে।<br><br>২য় দফায় ৭টি মিলের বিপরীতে NoA জারি করা হলেও ৩টি মিলের লিজ চুক্তি স্বাক্ষর হয়েছে এবং ১টি মিলের চুক্তি স্বাক্ষর প্রক্রিয়াধীন আছে।<br><br>তিনি আরো বলেন ১১টি জুট মিল ও ২টি নন জুট মিল ইজারা প্রদানের লক্ষ্যে তৃতীয় দফায় EoI আহবান করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণ ৭ ডিসেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত প্রস্তাব দাখিল করতে পারবেন। আগামী ০৮ ডিসেম্বর তারিখ প্রস্তাব দাখিলকারীগণের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) প্রাপ্ত EoI উন্মুক্ত করা হবে। EoI বিজ্ঞপ্তি জারির পূর্বে নতুন করে এই ১১টি জুট মিলের জন্য সংশোধিত এবং ২টি নন জুট মিলের জন্য নতুন করে ToR প্রণয়ন করা হয়েছে, যা ইতোমধ্যে বিজেএমসি'র ওয়েবসাইটে প্রকাশও করা হয়েছে।<br><br>প্রকল্প প্রধানগণ ToR সর্ম্পকে ধারণা রাখবেন যাতে করে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান EoI সর্ম্পকে জানতে চাইলে তাদেরকে ধারণা দিতে পারেন।<br><br>এ পর্যায়ে সভায় উপস্থিত সচিব মহোদয় বলেন, তৃতীয় দফায় ইজারার জন্য নির্বাচিত মিলসমূহ কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পরিদর্শন করতে চাইলে প্রকল্প প্রধানগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন। প্লাটিনাম জুবিলী জুট মিলের বিপরীতে লিজ মানি পাওয়া গেছে। যে কোন মুহূর্তে লিজ চুক্তি সম্পাদনপূর্বক মিলের দখল বুঝিয়ে দিতে হবে। লিজের জন্য নির্বাচিত মিলের প্রকল্প প্রধানগণকে অফিস স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের তিনি পরামর্শ প্রদান করেন। | (ক) ইজারার জন্য তৃতীয় দফায় EoI দাখিলে আগ্রহী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান মিল পরিদর্শন করতে চাইলে প্রকল্প প্রধানগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন।<br><br>(খ) লিজযোগ্য এরিয়ার মধ্যে কোন মিলের অফিস থাকলে তা স্থানান্তরের কাজ ত্বরান্বিত করতে হবে।<br><br>(গ) ১১টি জুট মিল ও ২টি নন জুট মিলের এরিয়াল ম্যাপ, ডিজিটাল সার্ভে ম্যাপ, সিডিউল ইত্যাদি হালনাগাদ রাখতে হবে। লিজ গ্রহণে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত ফি আদায় সাপেক্ষে ডিজিটাল/এরিয়াল ম্যাপ সরবরাহ করা যাবে। | সংশ্লিষ্ট মিলের প্রকল্প প্রধান |

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২ | কর্মকর্তা-কর্মচারিদের পাওনা পরিশোধ সংক্রান্ত | সভায় বিভিন্ন মিলের কর্মকর্তা-কর্মচারিদের পাওনা পরিশোধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) সভাকে জানান যে, গত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে পাওনাদি পরিশোধের বিষয়ে নিম্নোক্ত পদক্ষেপ/কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন:<br><br>(ক) সংশ্লিষ্ট বিভাগের clearance এর প্রেক্ষিতে ইতোমধ্যে চূড়ান্ত পাওনা আদেশ জারি হওয়া কর্মকর্তা-কর্মচারিদের ব্যক্তি নামে সরাসরি কোন নিরীক্ষা আপত্তি অথবা আদায়ের সিদ্ধান্ত না থাকলে ফান্ড প্রাপ্তি সাপেক্ষে পাওনা পরিশোধ করতে হবে। সংশ্লিষ্ট প্রকল্প প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বিজেএমসির সংশ্লিষ্ট বিভাগ বিষয়টি মনিটরিং করবে। যাদের পাওনার বিপরীতে ফান্ড পাওয়া যায়নি তাদের পাওনা পরিশোধ অপেক্ষমান রাখা যায়।<br><br>(খ) যে সকল শ্রমিকদের সঞ্চয়পত্রের পরিমাণ ৫.০০ লক্ষ টাকার উর্দ্ধে তাদের সঞ্চয়পত্র ইস্যুতে আয়কর সনাক্তকরণ নম্বর ও রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। বিষয়টি সুরাহা করার জন্য সোনালী ব্যাংক কর্তৃপক্ষ অর্থমন্ত্রণালয়ের অর্থবিভাগের এসপিএফএম কর্মসূচীকে পত্র দিয়েছে কিন্তু অদ্যাবধি বিষয়টি নিষ্পত্তি হয়নি।<br><br>এ প্রসংগে প্রধান অতিথি মহোদয় সঞ্চয়পত্র ইস্যুটি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সুরাহা করার পরামর্শ প্রদান করেন।<br><br>(গ) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, মামলাজনিত কারণে সে সমস্ত কর্মকর্তা-কর্মচারীদের অর্থ পাওয়া যায়নি ঐ সব কর্মকর্তা-কর্মচারীদের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি প্রয়োজন। এ বিষয়ে তিনি সচিব মহোদয়ের সদয় দিক নির্দেশনা প্রার্থনা করেন।<br><br>এ প্রসংগে সচিব মহোদয় মামলাজনিত কারণে সে সমস্ত কর্মকর্তা-কর্মচারীদের অর্থ পাওয়া যায়নি ঐ সব কর্মকর্তা-কর্মচারীদের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি মিলসমূহ হতে মামলা নিষ্পত্তির তালিকা প্রাপ্তি সাপেক্ষে অর্থ ছাড়ের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করেন।<br><br>(ঘ) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) সভাকে জানান যে, বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তরের পরামর্শ ও বোর্ড সভার সিদ্ধান্তক্রমে ব্যক্তিগত কোন আপত্তি কিংবা আদায়যোগ্য কোন টাকা না থাকলে কর্মকর্তা-কর্মচারিদের পাওনার ৭৫% ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে। কিন্তু পরবর্তী সময়ের বাণিজ্যিক নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন না হওয়া এবং নিরীক্ষা আপত্তি অনিস্পন্ন থাকায় কর্মকর্তা/কর্মচারীদের পাওনার অবশিষ্ট ২৫% পরিশোধ করা সম্ভব হয়নি। এ বিষয়ে দিক নির্দেশনা প্রয়োজন।<br><br>এ প্রসংগে সচিব মহোদয় বিস্তারিত উল্লেখ করে অডিট কার্যক্রম সম্পাদনের অনুরোধ জানিয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাধ্যমে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক দপ্তরে পত্র প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া, অভ্যন্তরীণ নিরীক্ষা কাযর্ক্রম হালনাগাদ দ্রুত সম্পন্ন করার জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন। | (ক) বাণিজ্যিক নিরীক্ষা সম্পন্ন না হওয়ার কারণে কর্মকর্তা/কর্মচারীদের পাওনার অবশিষ্ট ২৫% পরিশোধ করা সম্ভব হয়নি তাদের বিষয়ে অডিট না হওয়া পর্যন্ত চূড়ান্ত পাওনা পরিশোধ স্থগিত থাকবে। অডিট কার্যক্রম সম্পাদন করার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাধ্যমে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক দপ্তরে পত্র প্রেরণ করতে হবে। অভ্যন্তরীণ নিরীক্ষা কাযর্ক্রম হালনাগাদ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>(খ) যে সব শ্রমিকের সঞ্চয়পত্রের পরিমাণ ৫.০০ লক্ষ টাকার উর্দ্ধে তাদের সঞ্চয়পত্র ইস্যুতে সংশ্লিষ্ট সফটওয়ারে TIN Validation off রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>(গ) মিলসমূহ হতে মামলা নিষ্পত্তির তালিকা প্রাপ্তি সাপেক্ষে বিজেএমসি'র অর্থ বিভাগ হতে আগামী ১ মাসের মধ্যে তালিকাসহ অর্থ ছাড়ের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবে। | (১) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।<br><br>(২) মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিজেএমসি, ঢাকা।<br><br>(৩) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল। |

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩ | নিরীক্ষা আপত্তি সংক্রান্ত | সভায় জানানো হয় যে, নিয়মিত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য ত্রি-পক্ষীয় এবং দ্বি-পক্ষীয় সভা আয়োজনের প্রচেষ্টা অব্যাহত আছে। সভায় মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) বাণিজ্যিক নিরীক্ষা সংক্রান্ত নিম্নোক্ত তথ্য পেশ করেন:<br><br>অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আহবানের লক্ষ্যে মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে বিজেএমসি এবং মিল পর্যায়ে আঞ্চলিক অডিট অধিদপ্তরের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে।<br><br>অক্টোবর ২০২২ মাস পর্যন্ত বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন আপত্তির সংখ্যাঃ<br>সাধারণ আপত্তি- ৮১২ টি<br>অগ্রিম আপত্তি- ২৪৩৯ টি<br>সংকলনভুক্ত আপত্তি- ১৮১ টি<br>মোট আপত্তি সংখ্যা= **৩৪৩২**টি<br><br>অক্টোবর, ২০২২ মাসে মিলের ২ টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাগুলোতে মোট ৯২টির মধ্যে ৬৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br><br>সভায় মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, সেটআপের অতিরিক্ত শ্রমিক নিয়োগ ও অলস মজুরী প্রদান বিষয়ে বেশ কিছু নিরীক্ষা আপত্তি অনিস্পন্ন রয়েছে। প্রকৃতপক্ষে প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসরণ করেই শ্রমিকদের অলস মজুরী প্রদান করতে হয়েছিল। যেহেতু ২০২০ সালে মিলগুলি বন্ধ হয়েছে সেহেতু সার্বিক বিবেচনায় এ ধরণের নিরীক্ষা আপত্তিগুলো নিস্পত্তির দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তিনি বলেন বর্তমান পরিস্থিতি বিবেচনায় কয়েকটি মিলের শ্রমিক সংশ্লিষ্ট এ জাতীয় আপত্তি সরকারি হিসাব সংক্রান্ত সংসদীয় কমিটির সভায় নিস্পত্তি করা হয়েছে। এ বিষয়ে সচিব মহোদয়ের সদয় দিক নির্দেশনা প্রয়োজন।<br><br>এর পরিপ্রেক্ষিতে যে সব মিলে শ্রমিক নিয়োগ সংক্রান্ত এই ধরণের আপত্তি নিস্পত্তি হয়েছে সেই সব নিস্পত্তিকৃত আপত্তির তথ্য প্রমাণসহ মিলের প্রস্তাবের আলোকে জোন ভিত্তিক কমিটির মাধ্যমে তদন্ত করে প্রতিবেদনসহ আপত্তি নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয় সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করেন। | (ক) বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আহবানের জন্য মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে বিজেএমসি এবং মিল পর্যায়ে আঞ্চলিক অডিট অধিদপ্তরের সাথে ব্যক্তিগত যোগাযোগ করে সভা আয়োজন এবং সভা পরবর্তী কাযবিবরণী স্বাক্ষর সহ নিষ্পত্তির জারীপত্র ইস্যুর জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) শ্রমিক সংশ্লিষ্ট আপত্তি ক্র্যাশ প্রোগ্রামের আওতায় নিষ্পত্তি লক্ষ্যে আপত্তির তথ্য সংগ্রহপূর্বক সিএন্ডএজি মহোদয় বরাবরে খসড়া ডিও পত্র সহ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) যে সব মিলে শ্রমিক নিয়োগ ও অলস মজুরী প্রদান সংক্রান্ত আপত্তি নিস্পত্তি হয়েছে সেই সব নিস্পত্তিকৃত আপত্তির তথ্য প্রমাণসহ আপত্তি নিস্পত্তির জন্য সংশ্লিষ্ট মিলসমূহ প্রস্তাব প্রেরণ করবে। মিলের প্রস্তাবের আলোকে জোন ভিত্তিক তদন্ত কমিটি গঠন করে আপত্তি নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা;<br><br>(২) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল। |

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রি সংক্রান্ত | মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা) সভাকে জানান যে, প্রথম দফায় ০৫টি মিল ইজারা প্রদানের সরকারি সিদ্ধান্ত হলেও ২টি মিল (১) বাংলাদেশ জুট মিলস্ লিঃ, (২) কে.এফ.ডি. জুট মিলস্ লিঃ ইজারা প্রদানের লক্ষ্যে চুক্তি সম্পাদন করা হয়েছে এবং মিল দুইটি ইজার গ্রহীতার মাধ্যমে পুনঃ চালু করা হয়েছে। ২য় দফায় ৭টি মিলের বিপরীতে NoA জারি করা হলেও ৩টি মিলের লিজ চুক্তি স্বাক্ষর হয়েছে। ১টি মিলের চুক্তি স্বাক্ষর প্রক্রিয়াধীন আছে। তিনি আরো বলেন ১১টি জুট মিল ও ২টি নন জুট মিল ইজারা প্রদানের লক্ষ্যে তৃতীয় দফায় EoI আহবান করা হয়েছে।<br><br>এ পর্যায়ে সচিব মহোদয় বলেন যে, যেহেতু মিলের লিজ কার্যক্রম চলমান আছে সেহেতু লিজ এর জন্য নির্ধারিত মিলগুলোর স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল অতিদ্রুত বিক্রি সম্পন্ন করতে হবে।<br><br>সভাপতি স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রির অগ্রগতির বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) মিলের স্ক্র্যাপ ও ভান্ডার মালামালের মিলভিত্তিক নিম্নোক্ত তথ্য জানান:<br><br>০১) বাংলাদেশ জুট মিলস্ লিঃ এর ভান্ডারে রক্ষিত লেজারভুক্ত প্রচলিত এবং অপ্রচলিত আইটেমের যন্ত্রাংশ/মালামালের ৬৪,৮৫,৭০০/- টাকার বিক্রয় প্রস্তাব অনুমোদন এর জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>০২) কেএফডি জুট মিলের ভান্ডার ও স্ক্র্যাপ মালামাল গত ৩১/১০/২০২২ তারিখে ডেলিভারী প্রদান সর্বোচ্চ দর দাতার অনুকূলে ডেলিভারী প্রদান করা হয়েছে। অবশিষ্ট স্ক্র্যাপ বিক্রির প্রক্রিয়াধীন আছে। (প্রাপ্ত দর-১.৬৪ কোটি) টাকা।<br>০৩) জাতীয় জুট মিলস্ লিঃ এর বিভিন্ন বিভাগ হতে ফেরত ব্যবহারযোগ্য ব্যবহৃত মালামালের ২৫,৫১,০০০/-টাকা এবং স্ক্র্যাপ মালামালের ৯৭,৯৮.৯৫০/-টাকা বিক্রয়ের অনুমোদন এর বপাম এ পত্র প্রেরণ এর জন্য ০৮/১১/২০২২ তারিখে উপস্থাপন করা হয়েছে।<br>০৪) প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ এর বিভিন্ন প্রকার বাতিল/অকেজো/অব্যবহৃত স্ক্র্যাপ দ্রব্যাদি ১,৭৬,৬২,৫৯৩.০০ (এক কোটি ছিয়াত্তর লক্ষ বাষট্রি হাজার পাঁচশত তিরানব্বই) বিক্রয় প্রস্তাব উপস্থাপন করা হয়েছে।<br>০৫) গালফ্রা হাবিব লিমিটেড এর ১৫০০০ কেজি স্ক্র্যাপ জ্বলা তামার তার টেন্ডারে প্রাপ্ত সর্বমোট দর ১,১৭,১৫,০০০.০০ (এক কোটি সতের লক্ষ পনের হাজার) টাকার বিক্রয়ের অনুমোদন এর জন্য ০৯/১১/২০২২ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>০৬) মিল ফারনিশিংস লিঃ এর মূল্যায়ন প্রতিবেদন বিজেএমসিতে প্রেরণ করা হয়েছে।<br>০৭) এম এম জুট মিলস্ লিঃ মেশিন সমূহের কন্ডিশন পর্যালোচনা করে অপসারন/স্ক্র্যাপ ঘোষণা সংক্রান্ত কমিটির প্রতিবেদন বিজেএমসিতে জমা করা হয়েছে।<br>০৮) দৌলতপুর জুট মিলস্ লিঃ এর স্ক্র্যাপ মালামাল বিক্রির দরপত্র আহবান করা হয়েছে ১৪/১১/২০২০ উন্মুক্ত করা হবে।<br>০৯) যশোর জুট মিলস্ লিঃ এর ৩১টি আইটেমের বিভিন্ন স্ক্র্যাপ মালামাল বিক্রির অনুমোদন প্রদান করা হয়েছে।<br>১০) গুল আহম্মদ জুট মিলস্ লিঃ ভান্ডার ও স্ক্র্যাপ মালামাল বিক্রি প্রক্রিয়াধীন আছে। | (ক) লিজকৃত মিলের স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রির কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br><br>(খ) লিজের জন্য নির্বাচিত মিলসহ অন্যান্য মিলগুলো সভার আলোচনা মোতাবেক পর্যায়ক্রমে স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রির নিমিত্ত আনুষাঙ্গিক সকল কার্যক্রম সম্পন্ন করবে।<br><br>(গ) স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রি সংক্রান্ত বিষয়ে কোন প্রকার জটিলতা দেখা দিলে মিলের প্রকল্প প্রধানগণ ব্যক্তিগতভাবে বিজেএমসি'র পরিকল্পনা বিভাগের সাথে যোগাযোগ করে সমস্যার সমাধান করবেন।<br><br>(ঘ) স্ক্র্যাপ ও ভান্ডার মালামাল বিক্রির সার্বিক বিষয়টি বিজেএমসি'র পরিকল্পনা বিভাগ মনিটর করবে এবং সময় সময় অগ্রগতি কর্তৃপক্ষকে অবহিত করবেন। | (১) উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা), বিজেএমসি, ঢাকা<br><br>(২) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল। |

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫ | মিলের সার্বিক নিরাপত্তা সংক্রান্ত আলোচনা | মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা) সভাকে জানান যে, সরকারি সিদ্ধান্তে ০১ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ থেকে বিজেএমসির আওতাধীন মিলসমূহের উৎপাদন কার্যক্রম বন্ধ করা হয়েছে। বন্ধ পরবর্তী সময়ে মিলের সার্বিক নিরাপত্তা কার্যক্রমে মিলের কর্মকর্তা/কর্মচারীগণকে সম্পৃক্ত করে রোস্টার ডিউটির মাধ্যমে মিলের নিরাপত্তা জোরদার রাখা হয়েছে। সিসি ক্যামেরা মনিটরিং/ কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে গঠিত টিম কর্তৃক টহল ডিউটি অব্যাহত আছে।<br><br>সচিব মহোদয় মিলসমূহের সার্বিক নিরাপত্তা কার্যক্রম জোরদার করার পরামর্শ প্রদান করেন। | মিলসমূহের মিলের নিরাপত্তা কার্যক্রম জোরদারকরণ অব্যাহত রাখতে হবে। | (১) মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা),. বিজেএমসি, ঢাকা;<br><br>(২) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল। |
| ৬ | মামলা সংক্রান্ত | মহাব্যবস্থাপক (আইন) সভাকে জানান যে, বর্তমানে বিজেএমসি প্রধান কার্যালয় ও আওতাধীন মিলসমূহের সর্বমোট মামলার সংখ্যা ৮৮৫টি, তম্মধ্যে গত মাসে ১৬টি মামলা নিষ্পত্তি হয়েছে। নতুন মামলা এসেছে ১৫টি। নিষ্পত্তিকৃত মামলাগুলির মধ্যে ৯টি মামলার রায় বিজেএমসি'র বিপক্ষে এবং ৭টি মামলার রায় বিজেএমসি'র পক্ষে হয়েছে।<br><br>মহাব্যবস্থাপক (আইন) সভাকে জানান যে, জমি সংক্রান্ত মামলাগুলো বিশেষ গুরুত্ব দিয়ে প্রতিদ্বন্দ্বিতা করা হচ্ছে। মিলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আইনজীবীর সাথে ব্যক্তিগত যোগাযোগ করে জমির প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ রাখার প্রচেষ্টা অব্যাহত রেখেছেন।<br><br>মিলগুলো হতে চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জোরালো উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।<br><br>বিজেএমসি প্রধান কার্যালয় হতে প্রতি ০৩ (তিন) মাসে মিলের প্রকল্প প্রধান, আইনজীবী ও সংশ্লিষ্টদের সাথে মিলসমূহের চলমান মামলার অগ্রগতি নিয়ে জোন ভিত্তিক বৈঠক পর্যায়ক্রমে করা হচ্ছে।<br><br>মামলার রায়ের সার্টিফাইড কপি উত্তোলনের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।<br><br>সভায় প্রধান অতিথি মহোদয় মামলার বিষয়ে গুরুত্বপূর্ণ অভিমত ও দিক নির্দেশনা প্রদান করেন। আদালত অবমাননা (Contempt) সহ সকল মামলার ক্ষেত্রেই যথাযথ এবং যথাসময়ে নিয়োজিত আইনজীবির মাধ্যমে জবাব দাখিলের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। মামলার মেরিট পর্যালোচনা না করে মামলা পরিচালনা করা এবং রীট করায় অনেক ক্ষেত্রে অযথা বিপুল পরিমাণ অর্থ ও সময় ব্যয় হয়। মামলা পরিচালনায় সংশ্লিষ্ট সকলকে উপযুক্ত দক্ষতার পরিচয় দেয়ার জন্য তিনি অভিমত জ্ঞাপন করেন। | (ক) জমি সংক্রান্ত মামলাগুলো বিশেষ গুরুত্ব দিয়ে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। মিলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জমির প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ রাখবে।<br><br>(খ) মিলগুলো চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জোরালো উদ্যোগ গ্রহণ করবে এবং প্রতি মাসে আইনজীবীদের সাথে বৈঠক করে মামলাসমূহের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের আইন বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>(গ) বিজেএমসি প্রধান কার্যালয় হতে প্রতি ০৩ (তিন) মাসে মিলের প্রকল্প প্রধান, আইনজীবী ও সংশ্লিষ্টদের সাথে মিলসমূহের চলমান মামলার অগ্রগতি নিয়ে জোনভিত্তিক বৈঠক করবে।<br><br>(ঘ) মামলার রায়ের সার্টিফাইড কপি উত্তোলনের জন্য রায় প্রদানের সাথে সাথে আদালতে আবেদন করতে হবে যাতে করে মামলার রায় বাস্তবায়ন/ প্রযোজ্য ক্ষেত্রে আপীল করার দ্রুত পদক্ষেপ/ সিদ্ধান্ত গ্রহণ করা যায়।<br><br>(ঙ) মামলার মেরিট পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। মামলা পরিচালনায় সংশ্লিষ্ট সকলকে পেশাগত ও উপযুক্ত দক্ষতার পরিচয় দিয়ে মামলা নিষ্পত্তির সর্বোচ্চ প্রচেষ্টা চালাতে হবে। | (১) মহাব্যবস্থাপক (আইন), বিজেএমসি, ঢাকা;<br><br>(২) আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও), বিজেএমসি খুলনা/ চট্টগ্রাম;<br><br>(৩) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল। |

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭ | বিবিধ | | | |
| | (ক) অবিক্রীত সমাপনী পণ্য বিক্রয় সংক্রান্ত | মহাব্যবস্থাপক (বিপণন) সভাকে জানান যে, গত সভার সিদ্ধান্ত ছিল, লতিফ বাওয়ানী, করিম এবং কেএফডি জুট মিলের অবিক্রিত এফজেএফ পণ্যসমূহ স্ব স্ব মিলে রেখে করিম জুট মিলের মাধ্যমে উন্মুক্ত দরপত্র আহবান করে (স্ব স্ব মিল হতে ডেলিভারি করার শর্তে) বিক্রয়ের চলমান কার্যক্রম ত্বরান্বিত করতঃ দ্রুত বিক্রয় সম্পন্ন করতে হবে।<br><br>এ বিষয়ে করিম জুট মিলের প্রকল্প প্রধান সভাকে অবহিত করেন যে, অবিক্রীত এফজেএফ পণ্য বিক্রির লক্ষ্যে ১ম দফায় বিজ্ঞপ্তি আহবান করে পণ্যের কাঙ্খিত মূল্য পাওয়া যায়নি। এ কারণে পুনঃ বিজ্ঞপ্তি আহবান করা হবে।<br><br>সচিব মহোদয় এসব অবিক্রীত পণ্য বিধি মোতাবেক দ্রুত বিক্রয় সম্পন্ন করার জন্য দিক নির্দেশনা প্রদান করেন। | অবিক্রীত সমাপনী এফজেএফ পণ্য দ্রুত বিক্রয় সম্পন্ন করতে হবে। | ১) প্রকল্প প্রধান, করিম জুট মিলস্ লি., ডেমরা, ঢাকা।<br>২) প্রকল্প প্রধান, কেএফডি জুট মিলস্ লি., রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। |
| | (খ) মিলের আয়বর্ধক কার্যাদি সংক্রান্ত | সভায় বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন বিভিন্ন মিলের অব্যবহৃত জমি, পুকুর ও অন্যান্য স্থাবর সম্পদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা) সভাকে অবহিত করেন যে, গত ২২/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ প্রকল্প প্রধান সভার সিদ্ধান্তের ধারাবাহিকতায় আমিন জুট মিলের কো-অপারেটিভ স্টোরের উত্তর অংশ মাসিক ২০,৭৩৬/- টাকায়, কো-অপারেটিভ স্টোরের দক্ষিণ অংশ ২২,৪২৬/- টাকায় এবং মিলের কর্মকর্তা কর্মচারি ক্লাব ৮১,০৭৯/- টাকায় ভাড়া প্রদান করা হয়েছে। সিদ্ধান্তের ধারাবাহিকতায় কার্যক্রম অব্যাহত আছে। | আয় বর্ধনের জন্য মিলের অব্যবহৃত জমি, পুকুর ও অন্যান্য স্থাবর অস্থাবর সম্পত্তির ইজারা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | (১) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল।<br><br>(২) ব্যবস্থাপক (বোর্ড এন্ড কোং), বিজেএমসি, ঢাকা। |

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | (গ) মিলের খালি/পতিত জায়গায় কৃষিকাজে ব্যবহার সংক্রান্ত আলোচনা। | সভায় সচিব মহোদয় জানান যে, পতিত/খালি জায়গা ফেলে না রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে বিজেএমসি'র মিলগুলিতেও যে সকল পতিত/খালি জায়গা রয়েছে সেগুলির যথাপোযুক্ত ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে মিলগুলো স্থানীয় কৃষি দপ্তরের সাথে যোগাযোগ করে পতিত/খালি জায়গায় কৃষিজাত পণ্য উৎপাদনের বিষয়ে তাদের সহযোগিতা/পরামর্শ গ্রহণ করবে।<br><br>মিলের পতিত/খালি জায়গায় কৃষিজাত পণ্য উৎপাদনের বিষয়ে স্ব স্ব মিল কর্তৃক জরুরী ভিত্তিতে দৃষ্টিনন্দন ও উৎপাদনমুখী কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। বাংলাদেশ জুট মিল ও জেজেআই মিলে কৃষি উপযোগী খালি জায়গা রয়েছে। সুতরাং উক্ত মিল ২টি মিলের খালি জায়গায় চাষাবাদের বিষয়ে সচিত্র কর্মপরিকল্পনা প্রণয়ন করে বিজেএমসিতে প্রেরণ করতে পারে বলে সচিব মহোদয় সদয় মতামত জ্ঞাপন করেন। | (ক) মিলের কোন জায়গা ফাঁকা রাখা যাবেনা। স্থানীয় কৃষি অফিসের সাথে যোগাযোগ করে মিলের খালি জায়গা কৃষিকাজে ব্যবহার নিশ্চিত করতে হবে।<br><br>(খ) বাংলাদেশ জুট মিল ও জেজেআই মিল খালি জায়গায় চাষাবাদের বিষয়ে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাসহ সচিত্র প্রতিবেদন বিজেএমসিতে প্রেরণ করবে। | (১) মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা), বিজেএমসি, ঢাকা;<br><br>(২) আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও), বিজেএমসি খুলনা/চট্রগ্রাম অঞ্চল;<br><br>(৩) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল;<br><br>(৪) ব্যবস্থাপক (বোর্ড এন্ড কোং), বিজেএমসি, ঢাকা। |
| | (ঘ) যে সকল অবসায়নকৃত শ্রমিক মিলের জায়গায়/ কলোনীতে অবস্থান করছে তাদের বিষয়ে আলোচনা | সভায় জানানো হয় যে, পাওনা পরিশোধ না হওয়ায় কিছু কিছু মিলে শ্রমিকরা অবৈধভাবে শ্রমিক কলোনীতে অবস্থান করছে। | মিলসমূহের শ্রমিক কলোনীতে অবৈধভাবে বসবাসকারীদেরকে উচ্ছেদের লক্ষ্যে স্ব স্ব মিল কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (১) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা;<br><br>(২) প্রকল্প প্রধান, সংশ্লিষ্ট মিল। |
| | (ঙ) জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহার সংক্রান্ত আলোচনা। | সভায় দেশের চলমান পরিস্থিতিতে সরকারের নির্দেশনার আলোকে বিদ্যুৎ ও জ্বালানীর সাশ্রয়ী ব্যবহারের বিষয়ে আলোচনা করা হয়। প্রধান অতিথি মহোদয় যার যার অবস্থান থেকে বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে সাশ্রয়ী হওয়ার পরামর্শ প্রদান করেন। | বিজেএমসি ও নিয়ন্ত্রণাধীন মিলসমূহে কর্মরত সকল পর্যায়ের কর্মচারিগণকে যার যার অবস্থান থেকে বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ এ বিষয়ে সার্বিক নির্দেশনা প্রদান করবেন এবং বিষয়টি তদারকি করবেন। | (১) সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা;<br>(২) আঞ্চলিক সমন্বয়কারি কর্মকর্তা (আরসিও), বিজেএমসি খুলনা/চট্রগ্রাম অঞ্চল;<br>(৩) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল। |

| ক্রম | আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | (চ) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনা। | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি এবং হালনাগাদকরণের বিষয়ে হালনাগাদ প্রতিবেদন দাখিলের জন্য বিজেএমসি'র ০৮.১২.২০২১ তারিখের ৬৪৪ সংখ্যক পত্রের মাধ্যমে কমিটি গঠন করা হয়। ইতোপূর্বে গত ২৬/১২/২০২১ তারিখে কমিটি তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত করে প্রতিবেদন দাখিল করে। কিন্তু মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের গাইডলাইন অনুযায়ী অফিসের মাসিক সমন্বয় সভায় এ কার্যক্রমটি সম্পাদনের বর্ণনাসহ উক্ত সভার কার্যবিবরণীতে উল্লেখ থাকার বাধ্যবাধকতা রয়েছে। | বিজেএমসি'র বিদ্যমান কমিটির মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের গাইডলাইন অনুযায়ী বিদ্যমান ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকরণ করতঃ নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় একটি প্রতিবেদন দাখিল করবে। | (১) সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।<br><br>(২) আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও), বিজেএমসি খুলনা/চট্রগ্রাম অঞ্চল।<br><br>(৩) প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল। |

২। পরিশেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১১/২০২২

(ড. মোঃ গোলাম কবীর)
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

---

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৪.৪২.০০১.২০/৬৮৪

তারিখ: ০২ অগ্রহায়ণ, ১৪২৯
১৭ নভেম্বর, ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাব্যবস্থাপক (সকল), বিজেএমসি, ঢাকা।
২। বিভাগীয় প্রধান (সকল), বিজেএমসি, ঢাকা।
৩। আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও), বিজেএমসি খুলনা/চট্রগ্রাম অঞ্চল।
৪। প্রকল্প প্রধান, বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিল।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৬। পরিচালক (গমানি)/(পরিকল্পনা)/(উৎপাদন ও পাট)/(বিপণন)/(অর্থ) দপ্তরের সহঃ সমন্বয় কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
৭। মুখ্য পরিচালন কর্মকর্তা দপ্তরের সহঃ সমন্বয় কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
৮। অফিস কপি/মাস্টার নথি।

১৭/১১/২০২২

(মোঃ নাসিমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা।

**বিষয়: বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রকল্প প্রধানগণের সাথে চেয়ারম্যান মহোদয়ের সমন্বয় সভায় উপস্থিতির তালিকা।**

সভার তারিখ: ১০/১১/২০২২।
সময়: সকাল ৯.০০ টা।
স্থান: বিজেএমসি'র সম্মেলন কক্ষ (৭ম তলা)।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ~~১~~ | | |
| ~~২~~ | | |
| ১ ~~৩~~ | মো: শফিকুল ইসলাম<br>মহাব্যবস্থাপক (প্রশাসন) | [signature] ১০/১১/২০২২ |
| ২ ~~৪~~ | মি মিস তন্ময় -উর রহমান<br>মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>বিজেএমসি, ঢাকা। | [signature] 10/11/2022 |
| ৩ ~~৫~~ | খন্দকার আনোয়ারুল ইসলাম<br>প্রকল্প প্রধান<br>গালফ্রা হাবিব লি: | [signature] ১০/১১/২০২২ |
| ৪ ~~৬~~ | ইঞ্জি: মো: মোজাম্মেল হোসেন<br>প্রকল্প প্রধান<br>মিলস ... | [signature] 10/11/22 |
| ৫ ~~৭~~ | মো: আবুল কালাম আজাদ<br>প্রকল্প প্রধান<br>স্টার জুট মিলস লি: | [signature] 10/11/22 |
| ৬ ~~৮~~ | বিমল কুমার ঘোষ<br>প্রকল্প প্রধান<br>দৌলতপুর জুট মিলস লি. | [signature] ১০/১১/2022 |

**বিষয়: বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমুহের প্রকল্প প্রধানগণের সাথে চেয়ারম্যান মহোদয়ের সমন্বয় সভায় উপস্থিতির তালিকা।**

সভার তারিখ: ১০/১১/২০২২।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ৭ | ইঞ্জিঃ মোঃ লুৎফুল হায়দার<br>অতিরিক্ত মহাব্যবস্থাপক (প্রঃ/চঃ) [illegible] | [signature] |
| ৮ | শাহেদ আহমেদ<br>মহাব্যবস্থাপক (বিপণন), বিজেএমসি H.O | [signature] 10.11.2022 |
| ৯ | মোঃ মামুনুর রশিদ<br>GM (ER). | [signature] ১০/১১/২০২২ |
| ১০ | মোঃ [illegible]<br>[illegible], বি.জে.এম.সি | [signature] ১০/১১/2022 |
| ১১ | আরজিনা জান্নাত<br>উপ-মহাব্যবস্থাপক (প্রশিক্ষণ) | [signature] ১০/১১/2022 |
| ১২ | মোঃ আবদুল মান্নান<br>ব্যবস্থাপক (বোর্ড + [illegible]) | [signature] ১০/১১/22 |
| ১৩ | ইঞ্জিঃ মং চেন থোয়াই<br>উপ-মহাব্যবস্থাপক (পরি, [illegible]) | [signature] ১০/১১/2022 |
| ১৪ | সাব্বির আহমেদ<br>উপ-মহাব্যবস্থাপক (GM অর্থ (চঃ)) BJMC | [signature] ১০/১১/2022 |
| ১৫ | আবুল কালাম মোহাম্মদ [illegible]<br>প্রকল্প প্রধান, [illegible] | [signature] ১০/১১/22 |
| ১৬ | মোহাম্মদ নাদিরুজ্জামান<br>ব্যবস্থাপক (জনসংযোগ) | [signature] ১০/১১/22 |
| ১৭ | আব্দুল মান্নান<br>ব্যবস্থাপক (প্রশাসন) | [signature] ১০/১১/22 |
| ১৮ | মোঃ সাজ্জাদ-আল-জামান<br>ব্যবস্থাপক (প্রশা:) ও সেল [illegible] | [signature] 10/11/2022 |
| ১৯ | কাজী কামরুল করিম<br>ব্যবস্থাপক (পরিকল্পনা) | [signature] ১০.১১.2022 |
| ২০ | মালেক বিন আব্দুল্লাহ আল মুতাহির<br>প্রকৌশলী (পুর) | [signature] ১০/১১/22 |
| ২১ | [illegible]<br>DM (Adj) | [signature] ১০/১১/২০২২ |

**বিষয়: বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রকল্প প্রধানগণের সাথে চেয়ারম্যান মহোদয়ের সমন্বয় সভায় উপস্থিতির তালিকা।**

সভার তারিখ: ১০/১১/২০২২।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ~~২৪~~ ২২. | মোঃ মতিউর রহমান মন্ডল, প্রকল্প প্রধান, ইউ এম সি জুট মিলস লিঃ | [signature] ১০/১১/২০২২ |
| ~~২৫~~ ২৩. | মো: জসিম উদ্দিন, প্রকল্প প্রধান, হাফিজ জুট মিলস লি:, চট্টগ্রাম। | [signature] ১০/১১/২০২২ |
| ~~২৬~~ ২৪. | আহমদ হোসাইন, উপ-মহাব্যবস্থাপক (প্র:প্র:), কার্পেটিং জুট মিলস | [signature] ১০/১১/২২ |
| ~~২৭~~ ২৫. | মোহাম্মদ মুহিউদ্দীন ছাদেক, মহাব্যবস্থাপক (চ:দা:), [illegible] | [signature] 10.11.2022 |
| ~~২৮~~ ২৬. | মোঃ মজিদ হোসেন, ঊর্ধ্বতন উপ-মহাব্যবস্থাপক, প্লাটিনাম জুট মিলস | [signature] 10/11/2022 |
| ~~২৯~~ ২৭. | মোঃ সোলায়মান চৌধুরী, মহাব্যবস্থাপক, খুলনা [illegible], খুলনা | [signature] ১০/১১/২০২২ |
| ~~৩০~~ ২৮. | এ,এইচ,এম কামরুজ্জামান, প্রকল্পপ্রধান, [illegible] জুট মিলস | [signature] ১০/১১/২২ |
| ~~৩১~~ ২৯. | গাজী শাহাদাত হোসেন, মহাব্যবস্থাপক (বি: প্র:) | [signature] 10/11/2022 |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা।

**বিষয়: বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রকল্প প্রধানগণের সাথে চেয়ারম্যান মহোদয়ের সমন্বয় সভায় উপস্থিতির তালিকা।**

সভার তারিখ: ১০/১১/২০২২।
সময়: সকাল ৯.০০ টা।
স্থান: বিজেএমসি'র সম্মেলন কক্ষ (৭ম তলা)।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ~~১~~ ৩০. | মোঃ বনিজ উদ্দিন মিয়া<br>মহাব্যবস্থাপক, চট্টগ্রাম অঞ্চল,<br>চট্টগ্রাম। | (স্বাক্ষর) ১০/১১/2022 |
| ~~২~~ ৩১. | মোঃ আশরাফ হোসেন চৌধুরী<br>মহাব্যবস্থাপক (পাট) চ.দা, বিজেএমসি,<br>ঢাকা | (স্বাক্ষর) ১০/১১/2022 |
| ~~৩~~ ৩২. | প্র, ইঃ, চিফ কমার্শিয়াল অফিসার<br>অতিরিক্ত দায়িত্বে, আমিন জুট<br>মিলস | (স্বাক্ষর) ১০/১১/22 |
| ~~৪~~ ৩৩. | মোঃ গোলাম রব্বানী<br>মহা ব্যবস্থাপক, খুলনা অঞ্চল<br>খুলনা | (স্বাক্ষর) ১০/১১/২০২২ |
| ~~৫~~ ৩৪. | মোঃ মুরাদ হোসেন<br>উপ-মহাব্যবস্থাপক<br>প্লাটিনাম জুবিলী জুট মিলস লিঃ | (স্বাক্ষর) ১০/১১/২০২২ |
| ~~৬~~ ৩৫. | মোহাম্মদ মুহিউদ্দীন ছাদেক<br>মহাব্যবস্থাপক (বি.বি), [illegible] | (স্বাক্ষর) 10.11.2022 |
| ~~৭~~ ৩৬. | আহমদ হুমায়ুন-<br>উপ-মহাব্য: (প্র-প্র)<br>কার্পেটিং জুট মিলস, যশোর. | (স্বাক্ষর) ১০/১১/২২ |
| ~~৮~~ ৩৭. | মোঃ জসিম উদ্দিন<br>প্রকল্প প্রধান<br>হাফিজ জুট মিলস, চট্টগ্রাম। | (স্বাক্ষর) ১০/১১/2022 |

**বিষয়: বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের প্রকল্প প্রধানগণের সাথে চেয়ারম্যান মহোদয়ের সমন্বয় সভায় উপস্থিতির তালিকা।**

সভার তারিখ: ১০/১১/২০২২।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ৩৮. | মোঃ মতিউর রহমান মন্ডল, প্রকল্প প্রধান, ইউএমসি জুট মিলস লিঃ | ১০/১১/২০২২ |
| ৩৯. | মো: কামরুজ্জামান, প্রকল্প প্রধান, [illegible] জুট মিলস | ১০/১১/২২ |
| ৪০. | মো: আমিনুল কবির, প্রকল্প প্রধান, বাংলাদেশ জুট মিলস | 10.11.2022 |
| ৪১. | মুহাম্মদ সাজ্জাদুল আলম, প্রকল্প প্রধান, গুল আহমেদ | ১০.১১.২০২২ |
| ৪২. | মো. সফিকুল ইসলাম, প্রকল্প প্রধান, জে জে আই সি, | ১০.১১.22 |
| ৪৩. | মো: মাহফুজ হোসেন, প্রকল্প প্রধান আলীম জুট মিল | ১০/11/2022 |
| ৪৪. | মো. [illegible], নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প প্রধান, ইস্টার্ন জুট মিলস লিঃ | 10.11.22 |
| ৪৫. | মো: নূর নবী, প্রকল্প প্রধান, আর আর জুট মিলস লি. | ১০/১১/২২ |
| ৪৬. | মোঃ খলিলুর রহমান, প্রকল্প প্রধান, খালিশপুর জুট মিলস লিঃ | ১০/১১/২২ |
| ৪৭. | মো: আঃ আউয়াল, প্রকল্প প্রধান, কওমী জু. মিলস | ১০/১১/2022 |
| ৪৮. | খান মোঃ কামরুল ইসলাম, প্রকল্প প্রধান, ক্রিসেন্ট জুট মিলস লিঃ | ১০/১১/২০২২ |
| ৪৯. | মো: রফিকুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক (মিল) ও প্রকল্প প্রধান, কার্পেটিং জুট মিলস লি: | 10.11.22 |
| ৫০. | মোহাম্মদ মোসলিম, ব্যবস্থাপক (উঃ) ও প্রকল্প প্রধান, এম. এম জুট মিলস, চট্টগ্রাম | ১০/১১/2022 |
| ৫১. | মোঃ কামাল হোসেন, প্রকল্প প্রধান, [illegible], চট্টগ্রাম | ১০.১১.২০২২ |
| ৫২. | মো: নুরুল আলম ভূঁইয়া, প্রকল্প প্রধান, কেএফডি | ১০.১১.২২ |

# বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ (প্রশাসন-১ শাখা)
www.bjmc.gov.bd


স্মারক নম্বর: ২৪.০৪.০০০০.১০২.০৪.০০১.২২-৩০৭ তারিখ: ০৭ পৌষ, ১৪২৯ / ২২ ডিসেম্বর, ২০২২

বিষয়: **বিজেএমসি'র জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ ও স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে প্রকাশযোগ্য তথ্য প্রস্তুতকরণ ও হালনাগাদ কমিটির প্রতিবেদন।**

সূত্র নং: ২৪.০৪.০০০০.০৪.৩৬.০০১.২১.২৩৩, তারিখ: ০২-০৮-২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ পাটকল করপোরেশনের পত্র সূত্র নং ২৪.০৪.০০০০.২০৪.৩৬.০০১.২১-৬৪৪, তারিখ ০৮.১২.২০২১ এর মাধ্যমে বিজেএমসি'র জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ ও স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে প্রকাশযোগ্য তথ্য প্রস্তুতকরণ ও হালনাগাদের জন্য ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

কমিটি উল্লিখিত বিষয়ের উপর ১১.১১.২০২২ তারিখে সভা করে। সভায় বিজেএমসি'র সামগ্রিক তথ্যের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ওয়েবসাইটে বিদ্যমান স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা পর্যালোচনা করে হালনাগাদ তালিকা প্রস্তুত করা হয়, যা সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে এতৎসঙ্গে দাখিল করা হলো।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক ৩ (তিন) পাতা।

২২/১২/২০২২

(গালিব আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক (এমআইএস)
ও
আহবায়ক, ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ কমিটি।

মুখ্য পরিচালক কর্মকর্তা
বিজেএমসি, ঢাকা।

<u>**অনুলিপি (ই-মেইলে):**</u>

১। মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা), বিজেএমসি, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৩। কমিটির সদস্যবৃন্দ, বিজেএমসি, ঢাকা।
৪। দপ্তর নথি/মাষ্টার নথি।

মঃ ব্যাঃ (প্রশা) ২২
প্রাপ্তি নং ২৫৪৭
তারিখঃ 22/12/22
M(Ad-1)


ADAMJEE COURT
MOTIJHEEL C/A
DHAKA-1000
BANGLADESH

PHONES : 880-2-9558182-6
880-2-9558192-6
FAX : 880-2-9564740
880-2-9567508

E-mail : bjmc@btcl.net.bd
: bjmc.bd@gmail.com
Web : www.bjmc.gov.bd

## বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে বিজেএমসি সংশ্লিষ্ট যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ

**স্ব-প্রণোদিত প্রকাশযোগ্য তথ্যের তালিকা:**

| ক্রমিক | তথ্যের বিবরণ | সেবা প্রদান পদ্ধতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | বিজেএমসি'র চেয়ারম্যান মহোদয়ের তথ্যাদি | মুদ্রিত এবং সরকারি গেজেট |
| ২ | বিজেএমসি'র সাংগঠনিক কাঠামোর বিবরণ | ওয়েবসাইট |
| ৩ | বিজেএমসি চাকুরী প্রবিধানমালা, ১৯90 | ওয়েবসাইট, মুদ্রিত |
| ৪ | পাট আইন ২০১৭ | ওয়েবসাইট |
| ৫ | বিজেএমসি (এন্টারপ্রাইজ বোর্ড) প্রবিধি-১৯৭৭ | ওয়েবসাইট, মুদ্রিত |
| ৬ | বিজেএমসি'র কর্মকর্তাদের নাম, পদবী এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল | ওয়েবসাইট |
| ৭ | বিজেএমসি'র বিদ্যমান আইন, বিধিমালা, প্রবিধানমালা, নীতিমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা | ওয়েবসাইট |
| ৮ | বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের পরিচিতি ও ঠিকানা | ওয়েবসাইট |
| ৯ | বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ কেন্দ্রসমূহের পরিচিতি | ওয়েবসাইট |
| ১০ | তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ এর নাম, পদবী | ওয়েবসাইট |
| ১১ | সেবা প্রদানকারী প্রতিশ্রুতি কার্যক্রমের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ওয়েবসাইট |
| ১২ | পাট অধ্যাদেশ, ১৯৬২ | ওয়েবসাইট |
| ১৩ | সহজিকৃত সেবার তালিকা | ওয়েবসাইট |
| ১৪ | ই-ব্যবস্থাপনা (অনলাইনভিত্তিক সেবা) | ওয়েবসাইট |
| ১৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত অভিযোগ দাখিলের জন্য নির্ধারিত ফরম | ওয়েবসাইট |
| ১৬ | পাসপোর্টের এনওসি/ বিদেশ ভ্রমন/ উচ্চ শিক্ষার আবেদনের ফরম | ওয়েবসাইট |
| ১৭ | বিজেএমসি'র ইনোভেশন টিম | ওয়েবসাইট |
| ১৮ | সকল প্রকাশিত প্রতিবেদন | ওয়েবসাইট ও মুদ্রিত |
| ১৯ | সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) | ওয়েবসাইট |
| ২০ | বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন ,২০১৮ | ওয়েবসাইট |
| ২১ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে সম্পাদিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সংক্রান্ত প্রতিবেদন | ওয়েবসাইট |
| ২২ | সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ২৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ২৪ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এর তালিকা | ওয়েবসাইট |
| ২৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৬ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৭ | শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৮ | তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৯ | বিজেএমসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট, মুদ্রিত |
| ৩০ | সকল বিজ্ঞপ্তি | ওয়েবসাইট, মুদ্রিত |
| ৩১ | বিজেএমসি'র বিভিন্ন সভা সংক্রান্ত | ওয়েবসাইট, মুদ্রিত |
| ৩২ | বিজেএমসি'র কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন | ওয়েবসাইট |
| ৩৩ | বিজেএমসি'র সামাজিক দায়িত্বসমূহ | ওয়েবসাইট |

২২/২/২০২২
(মোহাম্মদ নাদিরুজ্জামান)
ব্যবস্থাপক (জনসংযোগ)
ও
বিকল্প তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

২২/০২/২০২২
(মোঃ নাসিমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)
ও
তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

**বাংলাদেশ পাটকল করপোরেশন**

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে বিজেএমসি সংশ্লিষ্ট যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ

**চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা:**

| **ক্রমিক** | **তথ্যের বিবরণ** | **সেবা প্রদান পদ্ধতি** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | পাসপোর্টের এনওসি/ বিদেশ ভ্রমন/ উচ্চ শিক্ষার আবেদন সংক্রান্ত তথ্য। | ওয়েবসাইট, মুদ্রিত |
| ২ | বিজেএমসি'র কর্মকর্তাদের বিভিন্ন মিলের এন্টারপ্রাইজ বোর্ডের চেয়ারম্যান/ সদস্য হওয়া সংক্রান্ত তথ্য। | মুদ্রিত |
| ৩ | বিজেএমসি'র উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য। | মুদ্রিত |

২২/১২/২০২২
(মোহাম্মদ নাদিরুজ্জামান)
ব্যবস্থাপক (জনসংযোগ)
ও
বিকল্প তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

২২/১২/২০২২
(মোঃ নাসিমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)
ও
তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

**বাংলাদেশ পাটকল করপোরেশন**

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে বিজেএমসি সংশ্লিষ্ট যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ

**যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়:**

| ক্রমিক | তথ্যের বিবরণ | সেবা প্রদান পদ্ধতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য। | মুদ্রিত |
| ২ | বিজেএমসি'র গোপনীয় সিদ্ধান্ত/ নির্দেশনা/ অনুশাসন। | মুদ্রিত |
| ৩ | বিজেএমসি'র গোপনীয় সিদ্ধান্ত/ নির্দেশনা/ অনুশাসন। | মুদ্রিত |
| ৪ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রদত্ত গোপনীয় সিদ্ধান্ত/ নির্দেশনা/ অনুশাসন। | মুদ্রিত |
| ৫ | বিজেএমসি'র চেয়াম্যান/ পরিচালক/ মুখ্য পরিচালন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত গোপনীয় বিষয় সংক্রান্ত তথ্য। | মুদ্রিত |
| ৬ | সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/ স্বীকৃত তথ্য। | মুদ্রিত |

২২/১২/২০২২

**(মোহাম্মদ নাদিরুজ্জামান)**
**ব্যবস্থাপক (জনসংযোগ)**
**ও**
**বিকল্প তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

২২/১২/২০২২

**(মোঃ নাসিমুল ইসলাম)**
**মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)**
**ও**
**তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**